

(প্রেস বিজ্ঞপ্তি)

২২ ফেব্রুয়ারী ২০২২

অমর একুশে বইমেলা পরিষদের আলোচনা সভা

বঙ্গবন্ধুই একমাত্র বাঙ্গালি জাতীয়তাবাদী নেতা

যার নেতৃত্বে আমরা স্বাধীনতা অর্জন করেছি - ড. আমিনুর রহমান

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে সৃজনশীল প্রকাশনা পরিষদ ও নাগরিক সমাজের সহযোগিতায় বঙ্গবন্ধুকে নিবেদিত অমর একুশে বইমেলা ২০২২এর ৩য় দিনের আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে বাংলা একাডেমির লোক সংস্কৃতির গবেষক ফোকলোরে বাংলা একাডেমি পদক প্রাপ্ত উপ-পরিচালক ড. আমিনুর রহমান সুলতান বলেন, বাঙ্গালি জাতীয়তাবাদের মূল সত্ত্বা থেকে সরে যাচ্ছে জাতি সত্ত্বার মূল অবয়ব লোকজ সংস্কৃতি। তাই লোক সংস্কৃতিকে উপেক্ষা করার কোনো সুযোগ নেই। তিনি বলেন, আমাদের লোকজ সংস্কৃতিকে অন্তরে ধারণ করে বঙ্গবন্ধুই একমাত্র বাঙ্গালি জাতীয়তাবাদী নেতা যার নেতৃত্বে আমরা স্বাধীনতা অর্জন করেছি।

সভার প্রধান বক্তা চবি বাংলা বিভাগের সহযোগী অধ্যাপক লোকজসংস্কৃতির গবেষক ড. শেখ সাদী বলেছেন, লোক সংস্কৃতির মূল উৎপত্তি গ্রামের কৃষক শ্রমিক এর চিন্তা চেতনা থেকে। তিনি বলেন, বাংলাদেশের ৮০ ভাগ মানুষ গ্রামে বাস করে। আমরা চাকচিক্যময় নগরজীবনের পিছনে ছুটতে গিয়ে লোক সংস্কৃতির ঐতিহ্যকে হারাতে বসেছি। প্যানেল মেয়র মো. গিয়াস উদ্দিন'র সভাপতিত্বে স্বাগত বক্তব্য রাখেন মেলা কমিটির আহ্বায়ক কাউন্সিলর ড.নিছার উদ্দীন আহমেদ মঞ্জু, সম্মানিত অতিথি হিসেবে বক্তব্য রাখেন ছৈয়দ ইরফানুল হক আল মাইজভাভারি। এতে আরো উপস্থিত ছিলেন সামগুদ্দিন শিশির, তসলিম আহমদ ও আলী প্রয়াস প্রমুখ।

লোক উৎসবে দলীয় গান ও নৃত্যে অংশগ্রহণ করেন নিবেদন শিল্পী সংসদ, নৃত্যম একাডেমি এবং একক গান ও নৃত্যে অংশগ্রহণ করেন বেতার ও টেলিভিশন শিল্পী আবদুর রহিম, শাহরিয়া পারভীন রোজী, ইলমা বিনতে বখতেয়ার, অনিন্দিতা মুতসুতদ্দী ও ইম্পিতা বড়ুয়া।

বইমেলায় ৪র্থ দিন আগামীকালের অনুষ্ঠানের বিষয় 'একুশের চেতনা ও সমকালীন রাজনীতি'। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন সাবেক মেয়র ও চট্টগ্রাম মহানগর আওয়ামী লীগ'র সাধারণ সম্পাদক আ জ ম নাছির উদ্দীনসহ বিশিষ্ট ব্যক্তিবর্গ।

স্বাক্ষরিত/-

(কালাম চৌধুরী)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩